



# গুজব ছড়াবেন না, সত্য জানুন!

সোশ্যাল মিডিয়ায় কোন কিছু শেয়ার করার আগে ৩০ সেকেন্ড ভাবুন

বর্তমান সময়ে একটি ভুল তথ্য বা গুজব বড় ধরনের বিপদের কারণ হতে পারে। একজন সচেতন নাগরিক হিসেবে ইন্টারনেটে কোন তথ্য দেখলেই বিশ্বাস না করে নিচের ৫টি ধাপে যাচাই করে নিন।

## ✓সত্যতা যাচাইয়ের ৫টি ধাপ

### ১. সন্দেহপ্রবণ হোন (Be Skeptical)

- খবরের শিরোনাম কি অতিরিক্ত ভীতিজাগানিয়া বা চটকদার?
- বানান বা বাক্যের গঠনে কি ভুল আছে?
- যদি উত্তর “হ্যাঁ” হয়, তবে সতর্ক হোন।

### ২. তথ্যের উৎস দেখুন (Check Source)

- খবরটি কি পরিচিত কোন সংবাদমাধ্যমের (যেমন: প্রথম আলো, বিবিসি, বা বড় টিভি চ্যানেল)?
- ওয়েবসাইটের নাম খেয়াল করুন (যেমন: [bbc-news.xyz](#) বা [Dhaka-news.com](#) ভুয়া হতে পারে)।

### ৩. ছবি ও ভিডিও যাচাই (Verify Visuals)

- অনেক সময় পুরনো ছবি বা ভিডিও নতুন ঘটনার বলে প্রচার করা হয়।
- ছবিটি Google Lens বা Google Images-এ সার্চ দিয়ে দেখুন এটি পুরনো কিনা।

### ৪. তারিখ চেক করুন (Check Data)

- খবরটি কি আজকের, নাকি ৫ বছর আগের?
- পুরনো সত্য খবর নতুন করে শেয়ার করাও এক ধরনের গুজব।

### ৫. ক্রস-চেক বা তুলনা করুন

- একই খবর অন্য কোন নির্ভযোগ্য সংবাদমাধ্যমে প্রচার হয়েছে কিনা তা গুগলে সার্চ দিয়ে দেখুন।

## ✓হাতের মুঠোয় ফ্যাক্ট চেকিং টুলস

আপনার স্মার্টফোন দিয়েই সত্যতা যাচাই করতে পারেন:

- ছবি যাচাই: Google Images, TinEye
- ভিডিও যাচাই: InVID, Youtube Data Viewer
- ফ্যাক্ট চেক সাইট: Rumor Scanner Bangladesh, BD Fact Check

## ✓মনে রাখবেন

“মিথ্যা তথ্য ছড়ানো অপরাধ। না জেনে শেয়ার করবেন না।”

যেকোন সংবেদনশীল তথ্য শেয়ার করা আগে নিজেকে প্রশ্ন করুন: “আমি কি নিশ্চিত এটি সত্য?”